পশ্চিমবঙ্গ সরকার
গ্রন্থাগার পরিষেবা অধিকার
বিকাশভবন, বিধাননগর, কলকাতা-৭০০০৯১

<u>বিজ্ঞপ্তি</u>

<u>বেসরকারি ও অপোষিত গ্রন্থাগারগুলিকে আর্থিক সাহায্য প্রদান :</u>

রাজ্যের বেসরকারি ও অপোষিত সাধারণ গ্রন্থাগার / ক্লাব-কাম গ্রন্থাগার / সংখ্যালঘু সম্প্রদায় দ্বারা পরিচালিত বেসরকারি ও অপোষিত শিক্ষা প্রতিষ্ঠানের অধীন সাধারণ গ্রন্থাগারগুলির প্রদত্ত পরিষেবার স্বীকৃতিস্বরূপ ও সাথে সাথে রাজ্যের গ্রন্থাগার পরিষেবার উন্নয়ণের লক্ষ্যে ২০১৬-১৭ আর্থিক বছরে অধিকর্তা, গ্রন্থাগার পরিষেবা অধিকার, নির্বাচিত কিছু বেসরকারি ও অপোষিত সাধারণ গ্রন্থাগার / ক্লাব-কাম গ্রন্থাগার / সংখ্যালঘু সম্প্রদায় দ্বারা পরিচালিত বেসরকারি ও অপোষিত শিক্ষা প্রতিষ্ঠানের অধীন সাধারণ গ্রন্থাগারকে এককালীন আর্থিক সাহায্যের জন্য গ্রন্থাগারের প্যাডে সংযোজিত প্রোফর্মায় উল্লেখিত তথ্য ও প্রয়োজনীয় সংযোজনী সমেত আবেদনের <u>২টি করে কপি</u> সংশ্লিষ্ট জেলার <u>জেলা গ্রন্থাগার আধিকারিকের কাছে</u> আগামী **<u>২৫/০১/১৭</u>** তারিখের মধ্যে জমা দেওয়ার জন্য আহ্বান জানাচ্ছেন। এই প্রকল্পে আর্থিক সাহায্য পাওয়ার জন্য এই ধরনের গ্রন্থাগারগুলিকে কমপক্ষে বিগত ৩ বছর পূর্বে প্রতিষ্ঠিত হতে হবে ও প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে কমপক্ষে বিগত ৩ বছর ধরে সাধারণ গ্রন্থাগার পরিষেবা দিয়ে আসতে হবে।

<u>আর্থিক সাহায্যের পরিমাণ :-</u>

- ১৯৬২ সালের পূর্বে স্থাপিত গ্রন্থাগার (১৯৬২ সাল ধরে) - ২৫,০০০ টাকা করে ।
- ১৯৬৩ থেকে ১৯৮৭ এর মধ্যে স্থাপিত গ্রন্থাগার (উভয় বছর ধরে) - ২০,০০০ টাকা করে।
- ১৯৮৮ থেকে ২০১২ এর মধ্যে স্থাপিত গ্রন্থাগার (উভয় বছর ধরে) - ১৫,০০০ টাকা করে।

<u>অত্যাবশ্যক শর্তাবলী :-</u>

বেসরকারি ও অপোষিত সাধারণ গ্রন্থাগার / ক্লাব-কাম গ্রন্থাগার / সংখ্যালঘু সম্প্রদায় দ্বারা পরিচালিত বেসরকারি ও অপোষিত শিক্ষা প্রতিষ্ঠানের অধীন সাধারণ গ্রন্থাগারগুলি জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ, বয়স, শিক্ষাগত যোগ্যতা নির্বিশেষে সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। গ্রন্থাগারের সংগৃহীত গ্রন্থগুলি কোনো বিশেষ ধর্ম বা সমাজের প্রতি পক্ষপাতদুষ্ট হবে না। গ্রন্থাগারগুলি সপ্তাহে অন্তত: ৫দিন ও দিনে কমপক্ষে ৩ ঘন্টা খোলা থাকা আবশ্যক। গ্রন্থাগারগুলিকে 'সোসাইটি রেজিস্ট্রেশন অ্যাক্ট' অনুযায়ী নিবন্ধীকৃত হতে হবে। এই নিবন্ধীকরণের নবীকরণ সাম্প্রতিকীকৃত (আপ-টু-ডেট) হতে হবে। গ্রন্থাগারগুলির বিগত তিন বছরের অডিট রিপোর্ট ও বার্ষিক প্রতিবেদন পেশ করা আবশ্যক। এই অনুদান শুধুমাত্র বই, পত্রপত্রিকা ও আলমারী বা র‍্যাক (বই রাখার জন্য) কেনার জন্য ব্যয় করা যাবে। নির্বাচিত গ্রন্থাগারগুলিকে পরিচালক সমিতির সদস্যদের স্বাক্ষরিত নির্ধারিত প্রোফর্মায় (যা গ্রন্থাগার পরিষেবা অধিকারের ওয়েবসাইট বা জেলা গ্রন্থাগার আধিকারিকের অফিসে পাওয়া যাবে) ১০টাকার 'নন জুডিশিয়াল স্ট্যাম্প' কাগজে এই অনুদান গ্রহণের পর তা নির্দিষ্ট খাতে ব্যয় করার অঙ্গীকারপত্র দাখিল করতে হবে। অনুদান প্রাপ্তির ৬মাসের মধ্যে সংশ্লিষ্ট জেলা গ্রন্থাগার আধিকারিকের অফিসে উক্ত অনুদান সদ্ব্যবহারের শংসাপত্র জমা দিতে হবে। শুধুমাত্র নির্বাচিত গ্রন্থাগারগুলিকেই এই ধরণের সাহায্য দেওয়া হবে, সেকারণে আবেদনকারী মাত্রেই সাহায্যর জন্য বিবেচিত নাও হতে পারেন।

<u>আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযোজিত থাকা আবশ্যক :</u>

(ক) বেসরকারি ও অপোষিত সাধারণ গ্রন্থাগার / ক্লাব-কাম গ্রন্থাগার / সংখ্যালঘু সম্প্রদায় দ্বারা পরিচালিত বেসরকারি ও অপোষিত শিক্ষা প্রতিষ্ঠানের অধীন সাধারণ গ্রন্থাগারটির 'সোসাইটি রেজিস্ট্রেশন অ্যাক্ট' অনুযায়ী নিবন্ধীকৃত হওয়ার প্রমাণপত্রের প্রত্যয়িত প্রতিলিপি।

(খ) স্থানীয় সাংসদ/ বিধায়ক / গ্রাম পঞ্চায়েত প্রধান / পঞ্চায়েত সমিতির সভাপতি / পৌরপ্রধান / পৌরনিগম এর সদস্য দ্বারা গ্রন্থাগারটির প্রতিষ্ঠা, কাজকর্ম ও পরিষেবা প্রদান সম্পর্কিত একটি শংসাপত্র ।

(গ) বিগত তিন বছরের অডিট রিপোর্ট (স্বীকৃত অডিট ফার্ম দ্বারা) ও বার্ষিক প্রতিবেদনের প্রত্যয়িত প্রতিলিপি।

(ঘ) পূর্বে এই ধরনের অনুদান পেয়ে থাকলে তার সদ্ব্যবহারের শংসাপত্র (যদি শংসাপত্রটি পূর্বেই দেওয়া হয়ে থাকে তবে তার প্রত্যয়িত প্রতিলিপি)। যদি পূর্বে না পেয়ে থাকেন, তবে সেই মর্মে ঘোষণা।

<u>আবেদনপত্র জমা দেবার পদ্ধতি :-</u>

বেসরকারী ও অপোষিত গ্রন্থাগারগুলিকে সাদা কাগজে বা গ্রন্থাগারের প্যাডে নির্ধারিত প্রোফর্মায় নিম্নে লিখিত তথ্য ও প্রয়োজনীয় সংযোজনী সমেত আবেদনপত্রের **<u>২টি করে কপি</u>** সংশ্লিষ্ট জেলার <u>জেলা গ্রন্থাগার আধিকারিকের কাছে</u> আগামী **<u>২৫/০১/১৭</u>** তারিখের মধ্যে জমা দিতে হবে। <u>কোনো আবেদনপত্র সরাসরি, অধিকর্তা, গ্রন্থাগার পরিষেবা অধিকারের অফিসে গ্রহণ করা হবে না।</u>

আবেদন পত্রের নির্ধারিত প্রোফর্মা

প্রতি,

জেলা গ্রন্থাগার আধিকারিক,...

....

....

মহাশয়,

............................পত্রিকায়...............................তারিখে প্রকাশিত বিজ্ঞাপন অনুসারে আমি / আমরা আমাদের গ্রন্থাগারের জন্য ২০১৬-১৭ আর্থিক বছরে প্রদেয় আর্থিক অনুদানের জন্য বিনীত আবেদন করছি।

আমাদের গ্রন্থাগার সম্পর্কিত তথ্যসমূহ নীচে দেওয়া হল :-

(ক) গ্রন্থাগারের নাম ও ঠিকানা (বাংলা ও ইংরাজীতে দুটি ভাষাতেই বড় হরফে) দূরভাষ সহ (যদি থাকে) :

(খ) গ্রন্থাগারটি স্থাপনের তারিখ (গ্রন্থাগারটি 'ক্লাব-কাম-লাইব্রেরী'/ সংখ্যালঘু সম্প্রদায় দ্বারা পরিচালিত বেসরকারি ও অপোষিত শিক্ষা প্রতিষ্ঠানের অধীন সাধারণ গ্রন্থাগার হলে ক্লাবের / শিক্ষা প্রতিষ্ঠানের ও লাইব্রেরীর স্থাপনের তারিখ আলাদা আলাদা উল্লেখ করতে হবে) :

(গ) গ্রন্থাগারটি 'সোসাইটি রেজিস্ট্রেশন অ্যাক্ট' অনুযায়ী নিবন্ধীকৃত কিনা :
যদি হয়, তবে নিবন্ধীকরণ সংখ্যা ও তারিখ :

(ঘ) গ্রন্থাগারটি সর্বসাধারনের জন্য উন্মুক্ত কিনা :

(ঙ) গ্রন্থাগারের বইয়ের মোট সংখ্যা (৩১.১০.২০১৬ পর্যন্ত) :

(চ) গ্রন্থাগারের সদস্যের মোট সংখ্যা (৩১.১০.২০১৬ পর্যন্ত) :

(ছ) দৈনিক গ্রন্থাগার ব্যবহারকারীদের মোট সংখ্যা :

(জ) সাপ্তাহিক কাজের দিনের সংখ্যা :

(ঝ) দৈনিক কত ঘন্টা খোলা থাকে :

(ঞ) গ্রন্থাগারে বাড়িতে বই নিয়ে যাওয়ার সুবিধা আছে কিনা :

(ট) গ্রন্থাগারটি বিগত তিন বছরের অডিট (স্বীকৃত অডিট ফার্ম দ্বারা) সম্পূর্ণ করেছে কিনা :

(ঠ) বিগত তিন বছরের বার্ষিক প্রতিবেদন আছে কিনা :

(ড) গ্রন্থাগারটি ইতিপূর্বে এই অধিকার থেকে এই ধরনের অনুদান পেয়েছে কিনা :
পেয়ে থাকলে সেই বছরের টাকা সদ্ব্যবহারের শংসাপত্র ইতিপূর্বে পেশ করা হয়েছে কিনা :
পেশ করা হয়ে থাকলে কোথায় পেশ করা হয়েছে :

(ঢ) গ্রন্থাগারটির কাজকর্ম সম্পর্কে স্থানীয় বিধায়ক/গ্রাম পঞ্চায়েত প্রধান/ পঞ্চায়েত সমিতির সভাপতি / পৌরপ্রধান / পৌরনিগম এর সদস্য দ্বারা শংসাপত্র জমা দেওয়া হয়েছে কিনা :

(ণ) নির্বাচিত হলে, ব্যাঙ্ক ড্রাফট হবে যে নামে (গ্রন্থাগারের নাম, ইংরাজীতে বড় হরফে) :

<u>অঙ্গীকারপত্র :</u>

আমি/আমরা এতদ্বারা ঘোষণা করছি যে (ক) আবেদনে প্রদত্ত তথ্যাবলী আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাসমতে সত্য, সম্পূর্ণ ও সঠিক এবং কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে আমার/আমাদের আবেদন খারিজ হতে পারে । (খ) চাহিদা অনুযায়ী সংযোজিত কাগজগুলির মূল কপি দাখিল করা হবে। আমি/আমরা আরো ঘোষণা করছি যে পূরণ করা নির্ধারিত প্রোফর্মায় যদি কোনো তথ্য অসম্পূর্ণ থাকে তা হলে আমার/আমাদের আবেদন বাতিল হতে পারে ।

....	....
(গ্রন্থাগার সভাপতির সীলসহ পূর্ণ স্বাক্ষর)	(গ্রন্থাগার সম্পাদকের সীলসহ পূর্ণ স্বাক্ষর)

স্থান :

তারিখ :